দৈনিক
জনকণ্ঠ

তারিখ 29 APR 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# আঞ্চলিক ৬ কেন্দ্রে শিক্ষক প্রশিক্ষণ হবে ॥ উপাচার্য

**নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৮ এপ্রিল ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, শিক্ষার মানোন্নয়নে যোগ্য শিক্ষক নিয়োগ ও শিক্ষক প্রশিক্ষণের বিকল্প নেই। বর্তমানে কেন্দ্রীয়ভাবে গাজীপুর থেকে প্রতিমাসে তিনটি বিষয়ে গড়ে ১২০ কলেজ শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করছেন। দেশের বিভাগীয় শহরে ৬টি আঞ্চলিক কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের অনেক কার্য বিকেন্দ্রীকরণ করা হয়েছে। এ ৬টি স্থায়ী আঞ্চলিক কেন্দ্র গড়ে তোলার পর গাজীপুরের পাশাপাশি সে সব কেন্দ্রেও কলেজশিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। আঞ্চলিক কেন্দ্র স্থাপনের পর জাতীয় বিশ্ববিদ্যালয় পরিচালনা আরও গতিশীল হবে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের অনেক সেবা সকলের দোরগোড়ায় পৌঁছে যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজশিক্ষকদের ১০১তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের মধ্যে মাসব্যাপী প্রশিক্ষণ শেষে বৃহস্পতিবার অনুষ্ঠিত সনদ বিতরণ উপাচার্য এসব কথা বলেন।